

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৬২

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (كتاب المساجد ومواضع الصلاة) পরিচ্ছেদঃ ৫/৩৪. 'আসরের সালাত প্রথম সময়ে পড়া উত্তম।

استحباب التبكير بالعصر

## আরবী

حَدِيْثُ أَنَسِ بْنِ مَالِكٍ عَن أَبِى أُمَامَةَ بْنَ سَهْلٍ قَالَ صَلَّيْنَا مَعَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ الظُّهْرَ ثُمَّ خَرَجْنَا حَتَّى دَخَلْنَا عَلَى أَنَسِ بْنِ مَالِكٍ فَوَجَدْنَاهُ يُصَلِّي الْعَصْرَ فَقُلْتُ يَا عَمِّ مَا هَذِهِ الْعَصْرُ وَهَذِهِ صَلَاةُ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم الَّتِي كُنَّا نُصلِيّ مَعَهُ

## বাংলা

৩৬২. আবূ উমামাহ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, একবার আমরা 'উমার ইবনু আবদুল আযীয (রহ.)-এর সঙ্গে যুহরের সালাত আদায় করলাম। অতঃপর সেখান হতে বেরিয়ে আনাস ইবনু মালিক (রাযি.)-এর নিকট গেলাম। আমরা গিয়ে তাঁকে 'আসরের সালাত আদায়ে রত পেলাম। আমি তাঁকে বললাম চাচা! এ কোন্ সালাত যা আপনি আদায় করলেন? তিনি বললেন, 'আসরের সালাত আর এ হলো আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাত, যা আমরা তাঁর সাথে আদায় করতাম।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯ : সালাতের সময়সমূহ, অধ্যায় ১৩, হাঃ ৫৪৯; মুসলিম, পর্ব ৫: মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৩৪, হাঃ ৬২৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন